

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
ই-৭, আগারগাঁও, ঢাকা
www.dip.gov.bd



ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) বাস্তবায়ন বিষয়ে ২য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: জনাব সেলিনা বানু অতিরিক্ত মহাপরিচালক মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
সভার তারিখ	: ০১ সেপ্টেম্বর ২০২১
সময়	: দুপুর ১২:০০ ঘটিকা
স্থান	: সম্মেলন কক্ষ
উপস্থিতি	: তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরে এপিএতে অর্ন্তভুক্ত লক্ষ্যমাত্রা সমূহ এবং নির্ধারিত সময়ে সকল কাজ সম্পন্ন করার জন্য উপস্থিত কর্মকর্তাদের নির্দেশ দেন। এরপর সভাপতি মহোদয় এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচ্য বিষয়সমূহ উত্থাপনের জন্য অনুরোধ করেন।

- ২। এপিএ ফোকাল পয়েন্ট জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা, উপপরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) জানান, ১ জুলাই ২০২১ হতে ৩১ আগস্ট পর্যন্ত এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন হয়েছেঃ
- মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
 - প্রধান কার্যালয়ে আগত পাসপোর্ট ও ভিসা সেবা প্রার্থীদের জন্য পৃথক অপেক্ষাগার নির্মাণ সম্পন্ন হয়েছে।
 - জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
 - আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক ১২-০৬-২০২১ তারিখে প্রদান করা হয়েছে।
 - ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
 - “ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা” শীর্ষক প্রকল্পের PSC ও PIC সভা অনুষ্ঠিত হয়েছে।
 - প্রাতিষ্ঠানিক গণশুনানি গত ৩১-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
 - অধিনস্ত শাখা/অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সাথে ২৩-০৮-২০২১ তারিখে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
 - শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ গত ৩১-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
 - উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশন এর ধারণা আহবান করে অধিদপ্তরের সকল কর্মকর্তা ও মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রেরণ করা হয়েছে।
 - ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ০৭-০৭-২০২১ খ্রিঃ অনুষ্ঠিত হয়েছে।

- ঠা) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা গত ১৮-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- ড) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ গত ২৫-০৮-২০২১ খ্রিঃ অনুষ্ঠিত হয়েছে।

৩। উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি নতুনভাবে প্রণয়ন করা হচ্ছে। এতে বেশি সময় প্রয়োজন হচ্ছে। ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক জমি সরেজমিন পরিদর্শন করা হয়েছে। নভেম্বর, ২০২১ এর মধ্যে ডিপিপি প্রণয়ন শেষ হবে মর্মে আশা করা যাচ্ছে।

৪। ই-ভিসা চালুর প্রস্তাব প্রণয়ন বিষয়ে উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, রাজস্ব খাতে ই-ভিসা চালুর বিষয়টি পর্যালোচনা করা হচ্ছে। শীঘ্রই পূর্ণাঙ্গ প্রস্তাব প্রণয়ন সম্পন্ন হবে।


৫। ই-টিপি চালুর বিষয়ে উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, এ বিষয়ে ভেরিডোস জেএমবিএইচ প্রস্তাব দাখিল করেছে। এটি পর্যালোচনার প্রেক্ষিতে ভেরিডোস জেএমবিএইচকে পত্র দেওয়া হয়েছে।

আলোচনাক্রমে উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রমিক	আলোচ্য বিষয়	কর্মসম্পাদন সূচক নং	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/শাখা/ ইউনিট
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ					
১।	[১.৮] হেল্পলাইন চালুর নিমিত্ত টেন্ডার প্রক্রিয়া সম্পন্নকরণ	[১.৮.১]	৩০.১১.২১	নির্ধারিত সময়ের মধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে।	সংস্থাপন শাখা
২।	[২.৫] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের পুনর্গঠিত ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ	[২.৫.১]	৩১.১২.২১	নির্ধারিত সময়ের মধ্যে ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৩।	[৪.২] ই-ভিসা চালুর লক্ষ্যে খসড়া প্রস্তাব প্রণয়ন	[৪.২.১]	৩১.১২.২১	নির্ধারিত সময়ের মধ্যে খসড়া প্রস্তাব প্রণয়ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৪।	[৪.৩] ই-টিপি চালুকরণের প্রস্তাব প্রণয়ন	[৪.৩.১]	৩১.১২.২১	নির্ধারিত সময়ের ই-টিপি চালুকরণের প্রস্তাব প্রণয়ন করে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২					
৫।	[১.৫] কর্ম-পরিবেশ উন্নয়ন	১.৫	৩০.০৯.২০২১ (২টি)	৩০.০৯.২০২১ তারিখের মধ্যে ১) স্বাস্থ্যবিধি অনুসরণ ও ২) পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে ২টি অফিস আদেশ এবং ১৫.০৬.২০২২ তারিখের মধ্যে টিওএন্ডইডুস্ত্র অকেজো মালামাল বিনষ্টকরণ লক্ষ্যে ১টি অফিস আদেশ	প্রশাসন শাখা

				প্রশাসন শাখা জারি করবে।	
৬।	[২.২] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	২.২	৩ টি	নির্ধারিত সময়ের মধ্যে সভা আয়োজন করে সভার নোটিশ ও কার্যবিবরণী প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে।	প্রকল্প পরিচালকগণ
৭।	[২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	২.৩	৪০ %	নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নপূর্বক প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে।	প্রকল্প পরিচালকগণ/ পরিকল্পনা ও উন্নয়ন শাখা
৮।	[৩.৪] প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন	৩.৪	১ টি	২য় কোয়ার্টারে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পাসপোর্ট শাখা
৯।	[৩.৫] অধিনস্ত শাখা/অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সাথে মতবিনিময় সভা আয়োজন	৩.৫	১ টি	২য় কোয়ার্টারে প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	উপপরিচালক (প্রশাসন)
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২					
১০।	[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৫.১]	৮০%	সকল শাখায় ই-নথি বাস্তবায়ন এবং ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণের বিষয়ে প্রশাসন শাখা অফিস আদেশ জারি করবে।	প্রশাসন শাখা
তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা					
১১।	[১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ	[১.৩.১]	১৫-১০-২০২১	নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ০৭/১০/২১
 বিলকিস আফরোজা সিদ্দিকা
 উপপরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)
 মহাপরিচালকের পক্ষে